# সোলার ইরিগেশন পাম্পের গ্রিড ইন্টিগ্রেশন নির্দেশিকা-২০২০

[২৬ জুলাই ২০২০ খ্রি. তারিখে অনুমোদিত]

**টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)**
**বিদ্যুৎ বিভাগ**
**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# সূচি

১. পটভূমি ____ ৪
এই নির্দেশিকার উদ্দেশ্য ____ ৫
২. সংজ্ঞা ____ ৫
৩. সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশন নির্দেশিকা ____ ৬
৩.১. আবেদনকারীর যোগ্যতা ____ ৬
৩.২. ক্ষমতা এবং বিদ্যুৎশক্তি রপ্তানির সীমা ____ ৬
৩.৩. ট্যারিফ কাঠামো ____ ৬
৩.৪. মিটারিং কার্যক্রম ____ ৭
৩.৫. আবেদন দাখিলের প্রক্রিয়া ____ ৭
৪ আন্তঃসংযোগের পূর্বশর্তসমূহ (Interconnection Requirements) ____ ১০
৪.১ সোলার ইরিগেশনের গ্রিড ইন্টিগ্রেশন সিস্টেমের বিবরণ ____ ১০
৪.১.১ ফিডিং প্রক্রিয়া ____ ১০
৪.১.২ যন্ত্রপাতির মানদন্ড ____ ১০
৪.২ সোলার ইরিগেশন সিস্টেমের বৈদ্যুতিক সংযোগের প্রকৃতি ____ ১০
৪.২.১ এককভাবে সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশন ____ ১০
৪.২.২ একাধিক সোলার ইরিগেশন সিস্টেমের সমষ্টিগত গ্রিড ইন্টিগ্রেশন ____ ১১
৪.৩ আন্তঃসংযোগের সাধারণ শর্তাবলী ____ ১২
৪.৩.১ স্বাভাবিক অবস্থায় ভোল্টেজের মাত্রা ____ ১২
৪.৩.২ ভোল্টেজ বিচ্যুতি (Voltage Fluctuation) ____ ১৩
৪.৩.৩ নবায়নযোগ্য জ্বালানি হতে বিদ্যুৎ উৎপাদনের পাওয়ার ফ্যাক্টর ____ ১৩
৪.৩.৪ ডাইরেক্ট কারেন্ট এর অনুপ্রবেশ ____ ১৩
৪.৩.৫ হারমোনিক ____ ১৩
৪.৩.৬ ভোল্টেজ আনব্যালেন্স ____ ১৩
৪.৩.৭ শর্ট সার্কিট লেভেল ____ ১৪
৪.৪ প্রটেকশন সিস্টেম ____ ১৪
৪.৪.১ প্রটেকশন সমীক্ষা যাচাই ____ ১৪
৪.৪.২ ফ্রিকোয়েন্সি ____ ১৪
৪.৪.৩ সিংক্রোনাইজেশন ____ ১৪
৪.৪.৪ এন্টি- আইল্যান্ডিং ইনভার্টার ____ ১৪
৪.৪.৫ ইনভার্টার ফল্টকারেন্ট কন্ট্রিবিউশন ____ ১৫
৪.৪.৬ প্রটেকশন স্কীম ____ ১৫
৪.৪.৭ সিস্টেম প্রটেকশন অথবা কন্ট্রোল ইক্যুইপম্যান্ট এর অকার্যকরতা ____ ১৫
৪.৪.৮ ফ্রিকোয়েন্সি বিঘ্ন ঘটানো ____ ১৫
৪.৪.৯ ভোল্টেজ বিঘ্ন ঘটানো ____ ১৫
৪.৪.১০ ইউটিলিটি ইন্টারফেস ডিসকানেক্ট সুইচ ____ ১৬
৪.৫ নিরাপত্তার শর্তসমূহ ____ ১৬
৪.৫.১ অপারেশন ____ ১৬
৪.৫.২ ইন্টারকানেকশন অপারেশন ম্যানুয়াল ____ ১৬
৪.৫.৩ লেবেলিং ____ ১৬
৫ নির্দেশিকার সংশোধন ____ ১৭

পরিশিষ্ট ১: আবেদন ফরম ____ ১৭
পরিশিষ্ট ২: সিস্টেম চেকলিস্ট ____ ২১
পরিশিষ্ট ৩: চুক্তি ফরম ____ ২৪
পরিশিষ্ট ৪: বিলের ফর্ম্যাট ____ ২৮

## ১. পটভূমি

আর্থ-সামাজিক অগ্রগতি ও জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে বিদ্যুৎ অপরিহার্য। রূপকল্প ২০২১ অনুযায়ী দেশের সকল নাগরিককে বিদ্যুৎ সুবিধার আওতায় আনতে সরকার অঙ্গীকারাবদ্ধ। সার্বজনীন বিদ্যুৎ সুবিধা প্রদান এবং জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণের অভিপ্রায়ে জ্বালানি বহুমুখীকরণকে বিদ্যুৎ বিভাগ অন্যতম কৌশল হিসেবে গ্রহণ করেছে। জ্বালানি বহুমুখীকরণের আওতায় প্রচলিত জীবাশ্ম জ্বালানির পাশাপাশি নবায়নযোগ্য জ্বালানি হতে পরিবেশ বান্ধব বিদ্যুৎ উৎপাদনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। নবায়নযোগ্য শক্তির ব্যবহার উল্লেখযোগ্য মাত্রায় বৃদ্ধি জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি-৭) অন্যতম অভীষ্ট লক্ষ্য। বাংলাদেশ নবায়নযোগ্য জ্বালানি নীতিমালায় ২০২০ সাল নাগাদ মোট উৎপাদিত বিদ্যুতের ১০% অর্থাৎ মোট প্রায় ২০০০ মেগাওয়াট বিদ্যুৎ নবায়নযোগ্য উৎস হতে উৎপাদনের লক্ষ্য স্থির করা হয়েছে।

কৃষি বাংলাদেশের অর্থনীতির সবচেয়ে গুরুত্বপূর্ণ খাত। জিডিপিতে কৃষির অবদান ১৪.২৩%। দেশের মোট শ্রমশক্তির ৪০.৬২% কৃষিতে নিয়োজিত। বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির অন্যতম চালিকাশক্তি হলো কৃষি। খাদ্য এবং কৃষিপণ্যের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে সরকার অগ্রাধিকার প্রদানপূর্বক বিভিন্ন প্রযুক্তির ব্যবহার করে আসছে। বাংলাদেশ গ্রীষ্মমন্ডলীয় ব-দ্বীপে অবস্থিত হওয়ায় বাংলাদেশের কৃষিতে সেচ একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কৃষির খরচের ৪৩% ব্যয় হয় সেচের জন্য। সৌরভিত্তিক বিকল্প জ্বালানি উৎস খাদ্য নিরাপত্তা নিশ্চিত করবে এবং অদক্ষ ডিজেলভিত্তিক সেচ পদ্ধতি থেকে কার্বন-ডাই-অক্সাইড নিঃসরণ কমাবে। সৌরচালিত সেচ অভিনব এবং কৃষি-ভিত্তিক অর্থনীতির জন্য অর্থনীতি এবং পরিবেশবান্ধব সমাধান।

বর্তমানে দেশে প্রায় ৩.৬৫ লক্ষ বিদ্যুৎ চালিত সেচ পাম্প রয়েছে যাতে গ্রীষ্ম মৌসুমে প্রায় ২০০০ মেগাওয়াট বিদ্যুৎ প্রয়োজন হয়। এছাড়াও দেশে প্রায় ১৩.৪ লক্ষ ডিজেল চালিত সেচ পাম্প (ডিটিডব্লিউ- ৩০০০, এসটিডব্লিউ- ১২ লক্ষ, এলএলপি- ১.৪ লক্ষ) ৩৪ লক্ষ হেক্টর জমিতে সেচ কাজে ব্যবহৃত হচ্ছে। সৌর পাম্প দ্বারা ডিজেলচালিত পাম্পসমূহ পরিবর্তন করার জন্য সরকারের লক্ষ্য রয়েছে যা সেচ খাত থেকে উল্লেখযোগ্য মাত্রায় বিদ্যুতের ব্যবহার হ্রাস করবে। স্থাপিত সোলার ইরিগেশন সিস্টেমগুলো বছরের অর্ধকের অধিক সময় অব্যবহৃত অবস্থায় থাকে যা থেকে উৎপাদনক্ষম বিদ্যুতের যথাযথ ব্যবহারের মাধ্যমে প্রকল্পগুলোকে আরো লাভবান করার মাধ্যমে সোলার ইরিগেশন সিস্টেমের আরো প্রসার ঘটানো সম্ভব। সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশনের মাধ্যমে বিনিয়োগকৃত সোলার সিস্টেমের যথাযথ ব্যবহার এবং সরকারের নবায়নযোগ্য জ্বালানি নীতিমালার লক্ষমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা রাখবে।

নির্দেশিকাটি পরীক্ষামূলকভাবে চালু করা হচ্ছে। বাস্তবায়নের অভিজ্ঞতার আলোকে ভবিষ্যতে নির্দেশিকাটি প্রয়োজন অনুসারে সংশোধন এবং পরিমার্জন করা হবে।

### এই নির্দেশিকার উদ্দেশ্য

সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশনের মাধ্যমে নবায়নযোগ্য জ্বালানির প্রসার এবং সোলার ইরিগেশন সিস্টেম থেকে ইরিগেশন কাজে ব্যবহারের অতিরিক্ত বিদ্যুতের যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে এই নির্দেশিকা প্রণয়ণ করা হলো।

### ২. সংজ্ঞা

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী অন্য কিছু না থাকলে,এ নির্দেশিকায় ব্যবহৃত শব্দগুলো নিম্নবর্ণিত অর্থ প্রকাশ করবে:

| শব্দ | সংজ্ঞা |
|---|---|
| অনুমোদিত ক্যাপাসিটি | সোলার ইরিগেশন সিস্টেমের সর্বোচ্চ আউটপুট ক্যাপাসিটি (এসি) যা সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ ইউটিলিটি কর্তৃক গ্রিড ইন্টিগ্রেশনের জন্য অনুমোদিত এবং ইউটিলিটির সাথে চুক্তি স্বাক্ষরিত |
| ইন্টারকানেকশন পয়েন্ট | মিটারের পরে সোলার ইরিগেশন বিদ্যুৎ উৎপাদনকারীর প্রান্তে সোলার ইরিগেশন সিস্টেমের এসি আউটপুট এবং ইউটিলিটির বিদ্যুৎ লাইনের সংযোগস্থল |
| উপযুক্ত আবেদনকারী | যে সোলার ইরিগেশন উদ্যোক্তা সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটির সকল নিয়মকানুন প্রতিপালন পূর্বক অনুচ্ছেদ ৩.১ ও ৩.২ এর শর্তাদি প্রতিপালন করেন |
| এসটিসি (STC) | স্ট্যান্ডার্ড টেস্ট কন্ডিশনস্ (ইর‍্যাডিয়্যান্স ১০০০ ওয়াট/মি ², সেল তাপমাত্রা ২৫° সে., এয়ার মাস ১.৫) |
| কমিশন / বিইআরসি | বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ (এ্যাক্ট নং ১৩) অথবা এর যেকোন সংশোধনী আদেশের আওতায় প্রতিষ্ঠিত কমিশন |
| কি. ও. | কিলোওয়াট |
| কি. ও. ঘ. | কিলোওয়াট ঘন্টা |
| কে.ভি. | কিলোভোল্ট অথবা ১০০০ ভোল্ট |
| চুক্তি | পরিশিষ্ট-৩ মোতাবেক সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশন কার্যক্রম বাস্তবায়নের জন্য বিতরণ ইউটিলিটি এবং সোলার ইরিগেশন উদ্যোক্তার মধ্যে স্বাক্ষরিত চুক্তি |
| ট্যারিফ কাঠামো আদেশ | কমিশন কর্তৃক বিদ্যুৎ বিতরণের জন্য লাইসেন্স গ্রহীতা বরাবর জারীকৃত আদেশ |
| ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক বা গ্রিড | বিদ্যুৎ সরবরাহ করতে সক্ষম একটি বিতরণ ব্যবস্থা যা বৈদ্যুতিক লাইন, কেব্‌ল, সুইচগিয়ার এবং আনুষঙ্গিক যন্ত্রপাতির সমন্বয়ে গঠিত এবং যা ৩৩ কেভি বা তার নিম্ন ভোল্টেজে বিদ্যুৎ সরবরাহ করতে পারে |
| গ্রিড-টাইড ইনভার্টার | যে যন্ত্র সোলার এ্যারে থেকে উৎপাদিত ডিসি বিদ্যুতকে এসি বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করে এবং গ্রিড বিদ্যুতের উপস্থিতিতে গ্রিডের সাথে সিংক্রোনাইজেশনে থেকে ইউটিলিটি নেটওয়ার্কে এসি বিদ্যুৎ প্রেরণ করে |
| নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক ডিস্ট্রিবিউটেড জেনারেশন সিস্টেমের ক্ষমতা | নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক ডিস্ট্রিবিউটেড সিস্টেমের রেটেড আউটপুট এ.সি. ক্যাপাসিটি (ভিএ)। সোলার পিভি সিস্টেমের ক্ষেত্রে ইনভার্টারের সমষ্টিগত আউটপুট এ.সি. (ভিএ) |
| এক্সপোর্ট/রপ্তানি মিটার | একটি বাইডিরেকশনাল বৈদ্যুতিক মিটার যা বিদ্যুৎ শক্তি প্রেরণ এবং গ্রহণ হিসাব পৃথকভাবে kWh ও kVAR ইউনিটে রেকর্ড করতে সক্ষম |
| উৎপাদনকারী | যে সোলার ইরিগেশন উদ্যোক্তা বিদ্যুৎ শক্তি উৎপাদন করে ইরিগেশনে ব্যবহারের অতিরিক্ত এই নির্দেশিকার আওয়ায় গ্রিডে রপ্তানি করেন |
| বিতরণ ইউটিলিটি | কমিশন কর্তৃক যে কর্তৃপক্ষকে বিদ্যুৎ বিতরণের জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ হিসাবে লাইসেন্স প্রদান করা হয়েছে |
| বিতরণ এলাকা | সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটির লাইসেন্স দ্বারা বিদ্যুৎ বিতরণের জন্য নির্ধারিত ভৌগলিক এলাকা |
| বিদ্যুৎ বিল | সোলার ইরিগেশন উদ্যোক্তা কর্তৃক বিতরণ ইউটিলিটির অনুকূলে ইস্যুকৃত মাসিক অথবা পরিপূরক বিদ্যুৎ বিল |
| বিদ্যুৎ শক্তি প্রেরণ /রপ্তানি | সোলার ইরিগেশন সিস্টেম হতে উৎপাদিত বিদ্যুৎ শক্তি বিতরণ ইউটিলিটির গ্রিডে সরবরাহ করা |
| বিলিং সাইকেল বা বিলিং পিরিয়ড | যে সময়ের জন্য সোলার ইরিগেশন উদ্যোক্তা কর্তৃক বিতরণ ইউটিলিটির জন্য বিদ্যুৎ বিল প্রস্তুত করা হবে |
| মিডিয়াম ভোল্টেজ | ৩৩,০০০ ভোল্ট বা ১১,০০০ ভোল্টের সমান ভোল্ট |
| মে.ও. | মেগাওয়াট অথবা ১০০০ কি.ও. |

| | |
|---|---|
| সোলার পিভি সিস্টেম | উদ্যোক্তার প্রাঙ্গানে স্থাপিত সোলার ইরিগেশন সিস্টেম যা ফটোভোল্টেইক প্রযুক্তি দ্বারা সূর্যরশ্মি হতে সরাসরি বিদ্যুৎ শক্তি উৎপাদন করতে পারে |
| উদ্যোক্তার প্রিমাইসেস | সোলার ইরিগেশন উদ্যোক্তা কর্তৃক আবেদনকৃত সিস্টেমের সোলার মডিউল, পাম্পকন্ট্রোলার, পাম্প, গ্রিডটাইড ইনভার্টার, পাম্প হাউজ এবং সংশ্লিষ্ট বৈদ্যুতিক ওয়্যারিং সংশ্লিষ্ট এলাকা |
| লাইসেন্স গ্রহীতা | বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ এর আওতায় যে ব্যক্তি বা প্রতিষ্ঠান লাইসেন্স গ্রহণ করেছেন |
| লো ভোল্টেজ | ১০০০ ভোল্ট অথবা তার কম ভোল্টেজ |
| স্মার্ট ইনভার্টার | উচ্চ প্রযুক্তির ইনভার্টার যা ডিসি বিদ্যুতকে এসি বিদ্যুতে রূপান্তরে সক্ষম হওয়ার পাশাপাশি রিঅ্যাক্টিভ পাওয়ার কন্ট্রোল, অ্যাক্টিভ পাওয়ার কন্ট্রোল, গ্রিড ব্যবস্থাপনা ইত্যাদি বৈশিষ্ট্যের অধিকারী। স্মার্ট ইনভার্টার প্রয়োজনের সময় গ্রীডের ভারসাম্য রক্ষায় সহযোগিতা দানে সক্ষম। |
| kWp | কিলোওয়াট পিক বলতে পিক পাওয়ার বোঝায়। অর্থাৎ স্ট্যান্ডার্ড টেস্ট কন্ডিশনে (STC) একটি সোলার সিস্টেম হতে সর্বোচ্চ যে ডি.সি. বিদ্যুৎ পাওয়া যায় |
| MWp | ১ মেগাওয়াট পিক = ১০০০ কিলোওয়াট পিক |

## ৩. সোলার ইরিগেশন পাম্পের গ্রিড ইন্টিগ্রেশন নির্দেশিকা

### ৩.১. আবেদনকারীর যোগ্যতা

নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে যে কোন উদ্যোক্তা সোলার ইরিগেশন পাম্পের গ্রিড ইন্টিগ্রেশনের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন, যথা-

(ক) তাকে সংশ্লিষ্ট এলাকায় বিদ্যুৎ বিতরণ ইউটিলিটিতে সোলার ইরিগেশন পাম্পের গ্রিড ইন্টিগ্রেশনের জন্য আবেদন করতে হবে;
(খ) কেবল সোলার ইরিগেশন সিস্টেম হতে উৎপাদিত বিদ্যুৎ অগ্রাধিকার ভিত্তিতে ইরিগেশনে ব্যবহারের পর অতিরিক্ত বিদ্যুৎ গ্রিডে প্রেরণ করা যাবে;
(গ) আবেদনকারীকে সোলার ইরিগেশন সিস্টেমের স্বত্বাধিকারী হতে হবে অথবা স্বত্বাধিকারী বা তার প্রতিনিধির নিকট থেকে বৈধ অনুমতিপ্রাপ্ত হতে হবে;
(ঘ) আবেদনকারী সোলার ইরিগেশন পাম্পের গ্রিড ইন্টিগ্রেশনের মাধ্যমে লোডে ব্যবহারের জন্য গ্রিড থেকে বিদ্যুৎ গ্রহণ করতে পারবে না এবং একই প্রিমাইসেসে (সোলার মডিউল, পাম্পকন্ট্রোলার, পাম্প, গ্রিডটাইড ইনভার্টার, পাম্প হাউজ এবং সংশ্লিষ্ট বৈদ্যুতিক ওয়্যারিং সংশ্লিষ্ট এলাকা) নতুন/বিদ্যমান বিদ্যুৎ সংযোগের মাধ্যমে ইউটিলিটির গ্রাহক হতে পারবে না;
(ঙ) সোলার ইরিগেশন সিস্টেমের অতিরিক্ত বিদ্যুৎ গ্রিডে সরবরাহের লক্ষ্যে বিদ্যমান বিদ্যুৎ লাইনে সংযোগ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউটিলিটি অথবা বিদ্যমান অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিধিমালা এবং মানদন্ড অনুসরণ করতে হবে;

### ৩.২. ক্ষমতা এবং বিদ্যুৎ শক্তি রপ্তানির সীমা

বিদ্যুৎ শক্তি রপ্তানি নির্ধারণের লক্ষ্যে প্রাথমিকভাবে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রয়োগ করা হল:

(ক) উদ্যোক্তা সোলার ইরিগেশন সিস্টেম থেকে উৎপাদিত বিদ্যুৎ ইরিগেশনের অতিরিক্ত অন্যান্য কাজে পানি সরবরাহ ও বিভিন্ন বিকল্প ক্ষেত্রে ব্যবহার করতে পারবে। এর অতিরিক্ত হিসেবে এই গাইডলাইনের আওতায় গ্রিড ইনট্রিগ্রেশনের মাধ্যমে সোলার ইরিগেশন সিস্টেম হতে উৎপাদিত অতিরিক্ত বিদ্যুৎ ইউটিলিটির বিতরণ গ্রিডে সরবরাহের সুযোগ পাবে;

(খ) সোলার ইরিগেশন সিস্টেমের ক্যাপাসিটি অথবা সমষ্টিগত ক্যাপাসিটির ভিত্তিতে বিইআরসি এর বিদ্যুৎ বিতরণ কিলোওয়াট/মেগাওয়াট সীমা অনুযায়ী অনুরুপভাবে সংযোগের ধরণ সিঙ্গেল ফেজ ও থ্রি ফেজ নির্ধারণ করা হবে;

(গ) সোলার ইরিগেশন পাম্পের সাইট এলাকায় ২০০ মিটার দূরত্বের মধ্যে বিদ্যুৎ বিতরণ ইউটিলিটির থ্রি ফেজ বিতরণ নেটওয়ার্ক না থাকলে উদ্যোক্তা সিঙ্গেল ফেজে গ্রিড ইন্টিগ্রেশনের সুযোগ পাবে। বিদ্যুৎ বিতরণ ইউটিলিটি ফিডারের/সাবস্টেশনের সকল ফেজে সমানভাবে সিস্টেম সংযুক্তি নিশ্চিত করবে;

(ঘ) সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশন অথবা কতকগুলো ইরিগেশন সিস্টেমের সমষ্টিগত গ্রিড ইন্টিগ্রেশনের ক্ষেত্রে সিস্টেমের সর্বোচ্চ আউটপুট (এসি) ১০ মেগাওয়াট এর বেশি হতে পারবেনা। সিঙ্গেল ফেজে ইউটিলিটি কর্তৃক বিভাজনের মাধ্যমে সংযুক্তির ক্ষেত্রে প্রতিটি সিস্টেমের সর্বোচ্চ আউটপুট (এসি) ৫০ কিলোওয়াট এর বেশি হতে পারবেনা।

(ঙ) ১১ কেভি ভোল্টেজে ফিডিং এর ক্ষেত্রে সোলার ইরিগেশনে গ্রিড ইন্টিগ্রেশন সিস্টেমের ক্ষমতা, ট্রান্সফরমারের নির্ধারিত ক্ষমতা অথবা ট্রান্সফরমারগুলোর ক্রমপুঞ্জিত ক্ষমতার ৭০% এর বেশি হতে পারবেনা।

(চ) এলটি ভোল্টেজে ফিডিং এর ক্ষেত্রে ট্রান্সফর্মারের আওতাধীন নেট মিটারিং সিস্টেম এবং সোলার ইরিগেশনের গ্রিড ইন্টিগ্রেশনের সমষ্টিগত ক্যাপাসিটি (এসি) ট্রান্সফরমারের নির্ধারিত ক্ষমতা অথবা ট্রান্সফরমারগুলোর ক্রমপুঞ্জিত ক্ষমতার ৭০% এর বেশি হতে পারবেনা।

### ৩.৩. ট্যারিফ কাঠামো

সোলার ইরিগেশন বিদ্যুৎ উৎপাদনকারী কর্তৃক বিদ্যুৎ বিতরণ ইউটিলিটিতে সরবরাহকৃত বিদ্যুতের বিল প্রদান প্রক্রিয়া সহ ট্যারিফ কাঠামো এই অনুচ্ছেদে বর্ণনা করা হলোঃ

(ক) গ্রিড ইন্টিগ্রেশনের অনুমোদিত সোলার ইরিগেশন সিস্টেম হতে বিদ্যুৎ উৎপাদকারী আবেদনের সময় তার বিল গ্রহণের ব্যাংক হিসাব নম্বর প্রদান করবে। মিটার রিডিং এর ভিত্তিতে প্রতিমাসে বিদ্যুৎ বিল বিদ্যুৎ বিতরণ ইউটিলিটিতে দাখিল সাপেক্ষে বিতরণ ইউটিলিটি তা যাচাইয়ান্তে অনতিবিলম্বে উক্ত উৎপাদনকারীর ব্যাংক হিসাব নম্বর এর অনুকূলে বিল প্রদান করবে;

(খ) রপ্তানিকৃত বিদ্যুৎ ইউনিটের জন্য আমদানী সমন্বয় পূর্বক সংশ্লিষ্ট ইউটিলিটির বিইআরসি কর্তৃক নির্ধারিত ৩৩ কেভি বাল্ক রেটে উৎপাদনকারীকে বিল পরিশোধ করবে;

(গ) কোনো বিলিং পিরিয়ডের মধ্যবর্তী সময়ে যদি বিইআরসি কর্তৃক ট্যারিফ কাঠামো পরিবর্তিত হয়, সেক্ষেত্রে উক্ত বিলিং পিরিয়ড হতে পরিবর্তিত ট্যারিফ প্রযোজ্য হবে;

(ঘ) সোলার ইরিগেশন বিদ্যুৎ উৎপাদনকারী পরিশিষ্ট-৪ এ উল্লেখিত ফর্ম্যাটে বিদ্যুৎ বিতরণ ইউটিলিটিতে বিল দাখিল করবে।

### ৩.৪. মিটারিং কার্যক্রম

নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মিটারিং কার্যক্রম সম্পন্ন করা হবে:

(ক) অনুচ্ছেদ-৩.২ অনুযায়ী থ্রি-ফেজ অথবা সিঙ্গেল ফেজ মিটার নির্ধারণ করে বিতরণ ইউটিলিটি কর্তৃক টেষ্টিং সম্পন্নকরণ পূর্বক বিদ্যুৎ রপ্তানি মিটার বিতরণ ইউটিলিটির পোলে অথবা পোল হতে অনধিক ১০০ মিটার দূরত্বে উন্মুক্ত জায়গায় স্থাপন করতে হবে।

(খ) এই গাইডলাইনের আওতায় গ্রিড ইন্টিগ্রেশনের জন্য অনুমোদিত সোলার ইরিগেশন উদ্যোক্তা তার সিস্টেম যন্ত্রাংশ অর্থাৎ গ্রিড-টাইড ইনভার্টার, এনার্জি মিটার, রিলে, ম্যাগনেটিক কন্ট্রাক্ট, ইন্ডিকেটর লাইট ইত্যাদি সচল রাখার জন্য প্রতি কিলোওয়াট এসি অনুমোদিত ক্যাপাসিটির জন্য মাসে অনধিক ১ (এক) **কিলোওয়াট আওয়ার** বিদ্যুৎ ইউটিলিটি হতে গ্রহণ করতে পারবে, যা রপ্তানিকৃত বিদ্যুতের সাথে সমন্বয় হবে। উক্ত বিদ্যুৎ শুধুমাত্র বর্ণিত সিস্টেম সচল রাখার জন্য, কোনভাবেই লোডে ব্যবহারের জন্য প্রযোজ্য হবে না।

(গ) বিতরণ ইউটিলিটি কর্তৃক এনার্জি মিটারের রিডিং যাচাইকালে উপানুচ্ছেদ (খ)-তে বর্ণিত সীমার অতিরিক্ত বিদ্যুৎ ইউটিলিটি হতে ব্যবহার পাওয়া গেলে বিতরণ ইউটিলিটি লিখিতভাবে সোলার ইরিগেশন উদ্যোক্তাকে অবহিত করবে। সোলার ইরিগেশন উদ্যোক্তা দ্রুততার সাথে তার সিস্টেমের প্রয়োজনীয় সংস্কার করে বিতরণ ইউটিলিটিকে লিখিতভাবে অবহিত করবে। বিতরণ ইউটিলিটি কর্তৃক লিখিতভাবে সোলার ইরিগেশন উদ্যোক্তাকে অবহিত করার পরও ইউটিলিটি কর্তৃক গ্রহণযোগ্য কারণব্যতীত পরবর্তীতে অনুরুপ বিদ্যুৎ গ্রহণের সীমা অতিক্রম করলে বিতরণ ইউটিলিটি তার সংযোগ বিচ্ছিন্ন করবে।

(ঘ) উপানুচ্ছেদ (গ) অনুযায়ী সংযোগ বিচ্ছিন্ন করা হলে অতিরিক্ত গৃহীত বিদ্যুতের জন্য কিলোওয়াটআওয়ার (kWh) প্রতি ১ম বারের জন্য ১৫ টাকা, ২য় বারের জন্য ২০ টাকা, ৩য় বারের জন্য ২৫ টাকা এবং ৪র্থ ও তদূর্ধ বারের জন্য ৩০ টাকা হারে জরিমানা প্রদান করে তার সংযোগ পুনরায় বহালের জন্য বিতরণ ইউটিলিটিতে আবেদন করতে পারবে।

(ঙ) সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটি-মিটারসমূহ ক্রয়, পরীক্ষা-নিরীক্ষা, স্থাপন বা প্রতিস্থাপন, এর কাজ করবে। উৎপাদনকারী নিজে মিটার ক্রয় করে বিতরণ ইউটিলিটির মাধ্যমে স্থাপন করতে পারেন। তবে এক্ষেত্রে মিটারের ব্র্যান্ড এবং মডেল সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটি অথবা টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) কর্তৃক অনুমোদিত হতে হবে।

(চ) আবেদনকারী উদ্যোক্তা মিটারের রক্ষণাবেক্ষণ এবং নিয়মিত মিটার রিডিং গ্রহণের কাজ করবে।

(ছ) মিটারের মূল্য এবং অন্যান্য আনুষঙ্গিক খরচ সংশ্লিষ্ট আবেদনকারী উদ্যোক্তাকে বহন করতে হবে।

(জ) হিসাব নিকাশের প্রাথমিক ভিত্তি হিসেবে "ক" উপানুচ্ছেদে বর্ণিত স্থাপিত মিটারের রিডিং-কে গণ্য করা হবে।

(ঝ) বিতরণ ইউটিলিটি যত দ্রুত সম্ভব Automatic Meter Reading (AMR) প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করবে।

(ঞ) বিতরণ ইউটিলিটির কোন ফিডারে যথেষ্ট পরিমানে সোলার ইরিগেশনের গ্রিড ইন্টিগ্রেশনকৃত সিস্টেম থাকলে সংশ্লিষ্ট গ্রিড সাব-স্টেশনের বিদ্যুৎ বিতরণ মিটারগুলোকে প্রয়োজন অনুযায়ী বাই-ডিরেকশনাল করতে হবে।

## ৩.৫.      আবেদন দাখিলের প্রক্রিয়া

উপযুক্ত সোলার ইরিগেশন বিদ্যুৎ উৎপাদনকারী, যিনি তার সোলার ইরিগেশন সিস্টেমে গ্রিড-ইন্টিগ্রেশন সুবিধা গ্রহণে আগ্রহী, তিনি এই অনুচ্ছেদে বর্ণিত কার্যপ্রণালী অনুসরণ করবেন।

(ক) উপযুক্ত সোলার ইরিগেশন বিদ্যুৎ উৎপাদনকারী তার সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশনের জন্য সংশ্লিষ্ট ইউটিলিটি বরাবর একটি আবেদন দাখিল করবেন।

(খ) আবেদন দাখিলের সময় এ নির্দেশিকার পরিশিষ্ট-১ এ সংযুক্ত আবেদনের টেমপ্লেট ব্যবহার করবেন। সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটি কর্তৃক এ আবেদন বিবেচনার জন্য টেমপ্লেটের সকল কলাম পূরণ করতে হবে এবং আনুষঙ্গিক সকল কাগজপত্র এর সাথে দাখিল করতে হবে।

(গ) সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদন ও আনুষঙ্গিক সকল কাগজপত্র (মূল্য পরিশোধের প্রমাণকসহ, যদি থাকে) গ্রহণের পর সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটি তারিখ'সহ সর্বোচ্চ ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে প্রাপ্তি স্বীকার করবে।

(ঘ) আবেদনকারী এবং সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটিকে প্রস্তাবিত ক্যাপাসিটির সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশনের জন্য সোলার ইরিগেশন সিস্টেম স্থাপন (যদি পূর্ব থেকেই অনুরূপ সিস্টেম না থেকে থাকে), ইন্টারকানেকশন স্থাপন, যাচাই ও প্রতিপাদন, অনুমোদন এবং এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের বিষয়ে একমত পোষণ করতে হবে।

(ঙ) বিতরণ ইউটিলিটি কর্তৃক উপরোক্ত উপ-অনুচ্ছেদ (ঘ)-তে বর্ণিত প্রয়োজনীয় সকল পদক্ষেপ সাফল্যের সঙ্গে সমাপ্ত করার পর, সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটি আবেদনকারীর অনুকূলে সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশনের অনুমতিপত্র জারী করবে। অন্যথায় যথাযথ কারণ ও করণীয় উল্লেখ পূর্বক আবেদনকারীকে অবহিত করবে।

(চ) উপর্যুক্ত (ক) উপ-অনুচ্ছেদে বর্ণিত আবেদন পত্র দাখিলের ১০ (দশ) কার্যদিবসের মধ্যে বিতরণ ইউটিলিটি উপরে বর্ণিত প্রক্রিয়া সম্পন্ন করে (ঙ) উপ-অনুচ্ছেদে বর্ণিত অনুমতিপত্র জারী করবে।

(ছ) নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদনকারী সোলার ইরিগেশন সিস্টেম স্থাপনের পদক্ষেপ গ্রহণ করবেন (নতুনভাবে সিস্টেম স্থাপনের প্রয়োজনীয়তা থাকার ক্ষেত্রে) এবং/অথবা সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটির সহায়তায় প্রয়োজনীয় ইন্টারকানেকশন স্থাপন করবে।

(জ) আবেদনকারী এ নির্দেশিকার পরিশিষ্ট-২ এ বর্ণিত গ্রিড ইন্টিগ্রেশন চেকলিস্ট পূরণ করবেন।

(ঝ) অনুমতিপত্র প্রাপ্তির পর অনধিক ০৩ (তিন) মাসের মধ্যে আবেদনকারী সোলার ইরিগেশন সিস্টেম স্থাপনের সকল কাজ সম্পন্নকরত পূরণকৃত গ্রিড ইন্টিগ্রেশন চেকলিস্ট সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটিতে দাখিল'সহ এই গাইডলাইন ও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মানদন্ড যাচাইয়ের জন্য আবেদন জানাবেন।

(ঞ) সোলার ইরিগেশন সিস্টেমের উপাদানসমূহ এবং ইন্টারকানেকশনের পরিমাপকসমূহ এ নির্দেশিকা এবং সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটি কর্তৃক নির্ধারিত মানদন্ড অনুযায়ী ঠিক আছে কিনা তার নিশ্চয়তা বিধানের লক্ষ্যে সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটি সিস্টেমটি পরীক্ষা নিরীক্ষা করবে ও এর প্রতিপাদন করবে। নির্ধারিত মানদন্ড অনুযায়ী যথার্থতা পাওয়া গেলে বিতরণ ইউটিলিটি চুক্তি স্বাক্ষরের তারিখ প্রদান করবে।

(ট) এ নির্দেশিকার পরিশিষ্ট-৩ এ বর্ণিত টেমপ্লেট অনুযায়ী সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশনের চুক্তি প্রস্তুত করা হবে। নির্ধারিত দিনে আবেদনকৃত সোলার ইরিগেশন বিদ্যুৎ উৎপাদনকারী সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটির সাথে চুক্তি স্বাক্ষর করবে।

(ঠ) সোলার ইরিগেশন বিদ্যুৎ উৎপাদনকারী কর্তৃক উপর্যুক্ত "ঝ" উপ-অনুচ্ছেদে বর্ণিত আবেদন দাখিলের সর্বোচ্চ ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট ইউটিলিটি প্রয়োজনীয় সকল কার্যক্রম সম্পন্ন করে আবেদনকারীর সাথে "ট" উপ-অনুচ্ছেদে বর্ণিত চুক্তি স্বাক্ষর করবে। নির্ধারিত মানদন্ড অনুযায়ী পাওয়া না গেলে উক্ত সময়ের মধ্যে যথাযথ কারণ ও করণীয় উল্লেখ পূর্বক আবেদনকারীকে অবহিত করবে।

(ড) সোলার ইরিগেশন বিদ্যুৎ উৎপাদনকারী কর্তৃক সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশনের নিমিত্তে বিতরণ ইউটিলিটির সিস্টেমে যে কোন ধরনের পরিবর্তন সাধনের ব্যয়ভার সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশনের আবেদনকারীকে বহন করতে হবে।




চিত্র ২: সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশনের আবেদনপত্র প্রক্রিয়াকরন

## ৪ আন্তঃসংযোগের পুর্বশর্তসমুহ (Interconnection Requirements)

**৪.১** এই গাইডলাইনের আওতায় গ্রিড ইন্টিগ্রেশনকৃত সোলার ইরিগেশন বিদ্যুৎ উৎপাদন সিস্টেমের বিবরণ

### ৪.১.১ ফিডিং প্রক্রিয়া

Maximum Power Point Tracking (MPPT) সুবিধা বিশিষ্ট Variable Frequency Drives (FVD) পাম্প কন্ট্রোলার বিশিষ্ট সিস্টেমের চিত্র নিম্নরুপ:




চিত্র-১: গ্রিডের সাথে পরোক্ষ সংযোগের রূপরেখা

অফগ্রিড সোলার ইরিগেশন পাম্প সিস্টেমের উল্লেখযোগ্য কম্পোনান্যান্ট/বৈশিষ্ট সমূহের তালিকা নিম্নে উল্লেখ করা হলো:

ক) সোলার পিভি মডিউল/প্যানেল;

খ) AC অথবা DC পাম্প;

গ) নূন্যতম ০.৮ পাওয়ার ফ্যাক্টরের মটর এবং "F" ক্লাস ইন্সুলেশন;

ঘ) পাম্পকে নিয়ন্ত্রণের জন্য ভেরিয়েবল ফ্রিকোয়েন্সি ড্রাইভ (VFD), যার সাথে MPPT সুবিধা থাকতে পারে।

এটি সচরাচর ব্যবহৃত সোলার ইরিগেশন পাম্প সিস্টেমের পদ্ধতি, তবে এর ব্যতিক্রমও রয়েছে।

### ৪.১.২ যন্ত্রপাতির মানদন্ড

ডিজাইন, অপারেশন, রক্ষণাবেক্ষন এবং পরিবেশগত মানদন্ডের ক্ষেত্রে সোলার ইরিগেশন সিস্টেমের মডিউল, ইনভার্টার, কনভার্টার সহ মূল উপাদানসমূহকে সংশ্লিষ্ট জাতীয় মানদন্ডসমূহ মেনে চলতে হবে। এছাড়া গ্রিডটাইড ইনভার্টারকে IEC 61727 এর সর্বশেষ সংস্করণ (বর্তমানে IEC 61727:2004) অথবা IEEE 1547 এর সর্বশেষ সংস্করণ (বর্তমানে IEEE 1547:2018) অথবা সমতুল্য মানের স্রেডা স্বীকৃত ইউটিলিটি ইন্টারফেস মানদন্ড মেনে চলতে হবে।

## ৪.২ সোলার ইরিগেশন সিস্টেমের বৈদ্যুতিক সংযোগের প্রকৃতি

সোলার ইরিগেশন সিস্টেমের অতিরিক্ত বিদ্যুৎ গ্রিডে সরবরাহের লক্ষ্যে কারিগরী রুপরেখা নির্ধারণ করা হয়েছে। এককভাবে একটি সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশন অথবা একাধিক সোলার ইরিগেশন সিস্টেমের সমষ্টিগত গ্রিড ইন্টিগ্রেশনের ভিত্তিতে সংযোগ প্রক্রিয়াটিকে দুইভাবে বিভক্ত করা হলো।

### ৪.২.১ এককভাবে সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশন

সোলার ইরিগেশন উদ্যোক্তা তার সিস্টেমে প্রয়োজনীয় পরিবর্তন সাধন করে ডিসি সার্কিট ব্রেকার, গ্রিডটাইড ইনভার্টার এবং এক্সপোর্ট মিটার ইত্যাদি ব্যবহার করে নিম্নোক্ত প্রক্রিয়ার সংযোগ প্রদান করতে পারবে:




চিত্র-২: এককভাবে বিদ্যমান অফগ্রিড সোলার ইরিগেশন সিস্টেমের গ্রিড ইন্টিগ্রেশনের সংযোগ প্রক্রিয়া

### ৪.২.২ একাধিক সোলার ইরিগেশন সিস্টেমের সমষ্টিগত গ্রিড ইন্টিগ্রেশন

কাছাকাছি অবস্থিত কয়েকটি সোলার ইরিগেশন সিস্টেমকে কারিগরি সক্ষমতা সাপেক্ষে সন্মিলিতভাবে এক বা একাধিক গ্রিডটাইড ইনভার্টার ব্যবহার করে নিম্নোক্ত ২টি প্রক্রিয়ায় গ্রিড ইন্টিগ্রেশন করা যাবে। একটি গ্রিডটাইড ইনভার্টার ব্যবহার করলে একাধিক MPPT ইনপুট ব্যবহার করতে হবে। সংযোগ প্রক্রিয়ার চিত্র নিম্নরূপ:




চিত্র-৩: একটি ইনভার্টারের একাধিক MPPT ইনপুট ব্যবহার করে সংযোগ প্রক্রিয়া




চিত্র-৪: একাধিক ইনভার্টার ব্যবহার করে সংযোগ প্রক্রিয়া

### ৪.৩ আন্তঃসংযোগের সাধারণ শর্তাবলী

আন্তঃসংযোগের ক্ষেত্রে বিতরণ ইউটিলিটির বিদ্যমান বিদ্যুৎ সরবরাহ অবকাঠামো যেমন ক্যাবল, ফিউজ, সুইচ গিয়ার, ট্রান্সফরমার ইত্যাদি এবং বিতরণ ইউটিলিটির নিরাপত্তা ব্যবস্থাপনায় কোন পরিবর্তনের প্রয়োজন হলে সোলার ইরিগেশন সিস্টেমের আবেদনকারীকে এর ব্যয় বহন করতে হবে।

সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ ইউটিলিটির আর্থিং ও নিউট্রাল লাইন এর অবস্থাকে বিবেচনায় নিয়ে উদ্যোক্তা গ্রিড-টাইড ইনভার্টার নির্বাচন করবে। আন্তঃসংযোগ স্থলে সরবরাহকৃত বিদ্যুতের গুণগত মান সরবরাহ লাইনের বিদ্যুতের বিদ্যমান গুণগত মান অনুচ্ছেদ ৪ এ বর্ণিত মানমাত্রার নিম্নে হবেনা। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ভোল্টেজ, ফ্লিকার, ফ্রিকোয়েন্সি, হারমোনিক্স এবং পাওয়ার ফ্যাক্টরের বিষয়ে নির্ধারিত মানদন্ড অনুযায়ী সরবরাহকৃত বিদ্যুতের গুণগত মান পরিমাপ করা হবে। এ মানদন্ডসমূহ হতে কোন প্রকারের বিচ্যুতি ঘটলে বুঝতে হবে যে সিস্টেমের ক্ষমতাতীত পরিস্থিতির উদ্ভব হয়েছে। এ ধরনের বিচ্যুতি ঘটলে গ্রিড-ইন্টিগ্রেশনকৃত সোলার ইরিগেশন সিস্টেম তা সনাক্ত করতে সক্ষম হবে এবং বিতরণ গ্রিড হতে নিজের সংযোগ বিচ্ছিন্ন করে দেবে।

আন্তঃসংযোগের ফলে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার ওপর যেন কোন বিরূপ প্রভাব না পড়ে তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট উদ্যোক্তাকে নিম্নবর্ণিত শর্তসমূহ পালন করতে হবে:

#### ৪.৩.১ স্বাভাবিক অবস্থায় ভোল্টেজের মাত্রা

সোলার ইরিগেশন সিস্টেম হতে বিতরণ গ্রিডে বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে ভোল্টেজের গ্রহণযোগ্য মাত্রা:

i. লো ভোল্টেজ (LV) আন্তঃসংযোগের মাধ্যমে সংযুক্ত গ্রিড ইন্টিগ্রেশনকৃত সোলার ইরিগেশন সিস্টেম টেবিল ১ এ প্রদর্শিত ভোল্টেজ সীমার মধ্যে পরিচালিত হবে।

টেবিল ১: LV আন্তঃ সংযোগ পরিচালনার সাধারন শর্ত

| Nominal voltage [V] | Steady state voltage limit |
| --- | --- |
| 400 | -15% to +10% |
| 230 | -15% to +10% |

ii. মিডিয়াম ভোল্টেজ (MV)আন্তঃ সংযোগের ম্যাধমে সংযুক্ত গ্রিড ইন্টিগ্রেশনকৃত সোলার ইরিগেশন সিস্টেম টেবিল ২ এ প্রদর্শিত ভোল্টেজ সীমার মধ্যে পরিচালিত হবে।

টেবিল ২: MV আন্তঃ সংযোগ পরিচালনার সাধারন শর্ত

| Nominal voltage [kV] | Steady state voltage limits |
| --- | --- |
| 11 | -15% to +10% |
| 33 | -15% to +10% |

### ৪.৩.২ ভোল্টেজ বিচ্যুতি (Voltage Fluctuation)

সোলার রেডিয়েশনের তারতম্যের কারণে গ্রিড ইন্টিগ্রেশনকৃত সোলার ইরিগেশন সিস্টেম হতে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণে তারতম্য ঘটে। ফলে উক্ত সিস্টেম হতে উৎপাদিত বিদ্যুৎ বিতরণ ইউটিলিটির নেটওয়ার্কে সরবরাহের ক্ষেত্রে, তা আন্তঃসংযোগ স্থল এবং গ্রিডের অভ্যন্তরে অন্যান্য বাসে ভোল্টেজের তারতম্য ঘটাতে পারে।

সোলার রেডিয়েশনের তারতম্যের কারণে LV এবং MV এর জন্য সর্বোচ্চ ৬% ভোল্টেজ বিচ্যুতি ঘটতে দেয়া যেতে পারে। এর চেয়ে বেশি বিচ্যুতি ঘটলে ইউটিলিটি প্রান্তের অন্যান্য গ্রাহকের বৈদ্যুতিক যন্ত্রপাতি উত্তপ্ত হয়ে উঠতে পারে। প্রয়োজন অনুযায়ী ভোল্টেজ বিচ্যুতি কমানোর জন্য একটি যথাযথ ভোল্টেজ নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

### ৪.৩.৩ নবায়নযোগ্য জ্বালানি হতে বিদ্যুৎ উৎপাদনের পাওয়ার ফ্যাক্টর

i. রেটেড ইনভার্টার আউটপুটের ২০% এর বেশি লোডে ইনভার্টারটি পরিচালিত হলে নবায়নযোগ্য বিদ্যুৎ সিস্টেমের ক্ষেত্রে লিডিং অথবা ল্যাগিং পাওয়ার ফ্যাক্টর ০.৯ এর বেশি হতে হবে। স্মার্ট ইনভার্টার ব্যবহার করা হলে তা স্বয়ংক্রিয়ভাবে প্রয়োজনীয় সামঞ্জস্য বিধান করবে যেন পাওয়ার ফ্যাক্টরের কারণে ভোল্টেজ বৃদ্ধি অনুমোদিত সীমার ওপরে না ওঠে।

ii. কারিগরি মূল্যায়নের সময় প্ল্যান্ট পাওয়ার ফ্যাক্টরের প্রয়োজনীয় পরিমাণ নির্ধারণ করা হবে।

### ৪.৩.৪ ডাইরেক্ট কারেন্ট এর অনুপ্রবেশ

যেকোন অপারেটিং কন্ডিশনে পিভি সিস্টেমটি রেটেড ইনভার্টার আউটপুটের ১% এর বেশি ডাইরেক্ট কারেন্ট ইউটিলিটি ইন্টারফেসে সরবরাহ করাতে পারবেনা।

### ৪.৩.৫ হারমোনিক

i. বিতরণ ইউটিলিটির সাথে সংযুক্ত অন্যান্য সিস্টেমগুলোর ওপর বিরূপ প্রভাব পরিহারের জন্য পিভি সিস্টেম আউটপুটের লো কারেন্ট ডিস্টরশন লেভেল থাকতে হবে;

ii. আন্তঃসংযোগ স্থলে টোটাল হারমোনিক কারেন্ট ডিস্টরশন রেটেড ইনভার্টার আউটপুটের ৫% এর কম হতে হবে।

### ৪.৩.৬ ভোল্টেজ আনব্যালেন্স

ভোল্টেজ আনব্যালেন্স অর্থাৎ নেগেটিভ সিকোয়েন্স ভোল্টেজ কম্পোন্যান্ট এবং পজিটিভ সিকোয়েন্স ভোল্টেজ কম্পোন্যান্ট এর অনুপাতকে এর সীমা নিম্নরূপভাবে প্রযোজ্য হবে:

i. ভোল্টেজ আনব্যালেন্সের জন্য সর্বোচ্চ ১ মিনিটব্যাপী ২%অনিয়মিত পিক ঘটতে দেয়া যেতে পারে;

ii. যখন কয়েকটি সিঙ্গাল- ফেজ পিভি সিস্টেম স্থাপন করা হবে, তখন ভোল্টেজ আন ব্যালেন্সকে পাওয়ার সিস্টেমের তিনটি ফেজে সমানভাবে ভাগ করে দিতে হবে;

iii. গ্রাহকের স্থাপনার প্রান্তে যেকোন ৩০ মিনিট সময়সীমার মধ্যে আনব্যালেন্সড ভোল্টেজ ৫ বারের বেশি ১% অতিক্রম করবে না।

### ৪.৩.৭ শর্ট সার্কিট লেভেল

ইক্যুইপম্যান্ট রেটিং অনুযায়ী নেটওয়ার্কের শর্ট সার্কিট লেভেল যথাযথ রয়েছে কিনা তা বিতরণ ইউটিলিটিকে নিশ্চিত করতে হবে। নেটওয়ার্কের ম্যাক্সিমাম সাব- ট্রানজিয়েন্ট থ্রি- ফেজ সিমেট্রিক্যাল শর্ট সার্কিট ইক্যুইপম্যান্ট এর শর্ট- টাইম মেক এন্ড ব্রেইক ক্যাপাসিটির ৯০% এর মধ্যে হতে হবে। বিষয়টি বিতরণ ইউটিলিটি নিশ্চিত করবে।

### ৪.৪ প্রটেকশন সিস্টেম

সোলার ইরিগেশনের গ্রিড ইন্টিগ্রেশন সিস্টেমের নিরাপত্তা ব্যবস্থা এমন হতে হবে যেন তা ত্রুটিযুক্ত অংশকে প্রয়োজনে সিস্টেমের সঠিকভাবে সক্রিয় অবশিষ্ট অংশ থেকে বিচ্ছিন্ন করে দিতে পারে। সোলার ইরিগেশন উদ্যোক্তা তার প্রটেকশন সিস্টেমকে এমন ভাবে তৈরী করবেন যেন তা তার চাহিদা মোতাবেক নিরাপত্তা দিতে সক্ষম হয়। তবে, উদ্যোক্তাকে অবশ্যই প্রটেকশন বিষয়ে ইউটিলিটি কর্তৃক আরোপিত শর্ত পূরণ করতে হবে, যেন গ্রিড ইন্টিগ্রেশনকৃত সোলার সিস্টেমের কোন ত্রুটি থাকলেও তা এ সিস্টেমের বাইরে বিস্তার লাভ করতে না পারে।

### ৪.৪.১ প্রটেকশন যাচাই সমীক্ষা

ফল্ট অবস্থায় সিস্টেমের সুরক্ষা নিশ্চিতকরণে উপযুক্ত সেটিংস নির্ধারণে উদ্যোক্তা নিরাপত্তা সমন্বয় স্টাডি করবে এবং ফলাফল বিতরণ ইউটিলিটির সাথে শেয়ার করবে। বিতরণ ইউটিলিটি উক্ত ফলাফল পর্যালোচনা করে কমন কাপলিং পয়েন্ট এর সেটিংস সমূহের পরামর্শ প্রদান করবে। অনিরাপদ সিংক্রোনাইজেশনকে কোনভাবেই গ্রহণ করা হবে না।

### ৪.৪.২ ফ্রিকোয়েন্সি

বিতরণ ইউটিলিটিকে সিস্টেম ফ্রিকোয়েন্সি বজায় রাখতে হবে এবং পিভি সিস্টেম বিতরণ ইউটিলিটি'র সাথে সামঞ্জস্য রেখে পরিচালিত হবে। বিতরণ ইউটিলিটি ±১% রেঞ্জ ব্যান্ড বিশিষ্ট ৫০ হার্জ সিস্টেমে পরিচালিত হবে। ইনভার্টারকে উপানুচ্ছেদ ৪.৪.৮ এ বর্ণিতমতে ফ্রিকোয়েন্সি সীমায় বিদ্যুৎ শক্তি উৎপাদনে সক্ষম হতে হবে।

### ৪.৪.৩ সিংক্রোনাইজেশন

নির্ধারিত সীমার সাথে সামঞ্জস্যপূর্ণহওয়ার প্রক্রিয়াকেই সিংক্রোনাইজেশন বলে। গ্রিড ইন্টিগ্রেশনকৃত সোলার ইরিগেশন সিস্টেমের ইনভার্টারে অটোমেটিক সিংক্রোনাইজেশন সুবিধা থাকতে হবে। সোলার পিভি সিস্টেমের ক্ষেত্রে ইনভার্টারে সিংক্রোনাইজেশন করতে হবে।

### ৪.৪.৪ এন্টি- আইল্যান্ডিং ইনভার্টার

i. এন্টি- আইল্যান্ডিং বা নন-আইল্যান্ডিং ইনভার্টার গ্রিড বিদ্যুতের উপস্থিতি ব্যতিত বিদ্যুৎ সরবরাহ করতে পারে না। সোলার পিভি সিস্টেমের নিরাপত্তা নিশ্চিত করার স্বার্থে ইউটিলিটি গ্রিড না থাকা অবস্থায় (লস অব মেইনস্), পিভি প্লান্টকে সক্রিয় রাখা কোনভাবেই অনুমোদিত নয়। গ্রিড কারেন্ট চলে যাওয়ার ২ (দুই) সেকেন্ডের মধ্যে প্রোজিউমারের পিভি সিস্টেম থেকে উৎপাদিত বিদ্যুৎ ব্যবস্থা স্বয়ংক্রিয়ভাবে বিচ্ছিন্ন করে দিতে হবে, যা একটি এন্টি-আইল্যান্ডিং ইনভার্টারের মাধ্যমে সম্ভব। সোলার ইরিগেশনের গ্রিড-ইন্টিগ্রেশন সিস্টেমে ব্যবহৃত গ্রিড-টাইড ইনভার্টারকে IEC 62116 (Utility-interconnected photovoltaic inverters - Test procedure of islanding prevention) অনুযায়ী এন্টি-আইল্যান্ডিং এ সক্ষম হতে হবে।

ii. সোলার ইরিগেশন উদ্যোক্তা যে ইনভার্টার ব্যবহার করবে তার নিম্নবর্ণিত এন্টি- আইল্যান্ডিং সনাক্তকরণের ক্ষমতা থাকতে হবে:

ক. আন্ডার ভোল্টেজ

খ. ওভার ভোল্টেজ

গ. আন্ডার ফ্রিকোয়েন্সি

ঘ. ওভার ফ্রিকোয়েন্সি

এছাড়া, নিম্নবর্ণিত অ্যাক্টিভঅ্যান্টি আইল্যান্ডিং টেকনিকগুলোর যেকোন একটি সিস্টেমের ইনভার্টারে থাকতে হবে:

ক. নেগেটিভ সিকোয়েন্স কারেন্ট ইনজেকশন

খ. ইমপিডেন্স পরিমাপ

গ. স্লিপ মোড ফ্রিকোয়েন্সি শিফ্‌ট

ঘ. ফ্রিকোয়েন্সি বায়াস, ইত্যাদি

iii. প্লান্ট এর এন্টি আইল্যান্ডিং এর ক্ষমতা আছে কিনা তা সোলার ইরিগেশন উদ্যোক্তাকে কমিশনিং টেস্টের সময় প্রমাণ করতে হবে।

### ৪.৪.৫ ইনভার্টার ফল্ট কারেন্ট কন্ট্রিবিউশন

গ্রিড ইন্টিগ্রেশনের জন্য ব্যবহৃত ইনভার্টার IEEE 1547 এর ফল্ট কারেন্ট সংক্রান্ত শর্তসমূহ পূরণে সক্ষম হতে হবে। সাধারণত শর্ট সার্কিট কারেন্টের সীমা রেটেড ইনভার্টার কারেন্টের ১০০% থেকে ২০০% এর মধ্যে থাকে।

### ৪.৪.৬ প্রটেকশন স্কীম

প্রটেকশন স্কীম প্রণয়নের ক্ষেত্রে মৌলিক শর্তসমূহ নিম্নরূপ:

i. গ্রিড ইন্টিগ্রেশনকৃত সোলার ইরিগেশন সিস্টেমের কোন অভ্যন্তরীণ ত্রুটির জন্য বিতরণ ইউটিলিটি সিস্টেম এবং এর অন্যান্য গ্রাহকদের কোন অসুবিধা ঘটতে দেয়া যাবে না;

ii. বিতরণ নেটওয়ার্কের ত্রুটির কারণে যাতে গ্রিড ইন্টিগ্রেশনকৃত সোলার ইরিগেশন সিস্টেমের কোন ক্ষতি না হয়, সে জন্য প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা থাকতে হবে;

